# পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা

# ২০২৫-২০২৬ হতে ২০২৯-৩০

## উপজেলা পরিষদ

ফুলবাড়ী, দিনাজপুর।

### ❖ উপদেষ্টা
মো: ইসাহাক আলী
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর

### ❖ সম্পাদনায়
মো: ইসাহাক আলী
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর

### ❖ সম্পাদনা পরিষদ
মোঃ শফিকুল ইসলাম
উপজেলা প্রকৌশলী, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর

### ❖ সহযোগিতায়
মোঃ ইকবাল হোসেন
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর,
ফুলবাড়ী উপজেলা পরিষদ, দিনাজপুর।

### ❖ কারিগরি সহযোগিতায়
মোঃ বুলবুল ইসলাম
উপজেলা উন্নয়ন সহায়ক(ইউডিএফ)
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)

### ❖ সার্বিক সহযোগিতায়
টেকনিক্যাল গ্রুপ অফ প্ল্যানিং (টিজিপি)

### ❖ প্রকাশনা, পরিকল্পনা ও গ্রন্থনায়
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি
প্রকল্প বাছাই কমিটি

### ❖ ডিজাইন
**পিক ডিজিটাল কমিউনিকেশন, দিনাজপুর।**

### ❖ প্রকাশকাল
জুন, ২০২৫



মো: ইসাহাক আলী
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর

# সম্পাদকীয়

দেশে বিদ্যমান স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের মধ্যে উপজেলা পরিষদ অন্যতম ও বিশেষভাবে বৈশিষ্ট্যপূর্ণ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানের ৫৯ নং অনুচ্ছেদে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের জনসেবা ও অর্থনৈতিক উন্নয়নের সাথে সংশ্লিষ্ট পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের বিষয়ে উল্লেখ আছে। এছাড়াও উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এরধারা ২৩ অনুসারে পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পূর্ণ দায়িত্ব উপজেলা পরিষদ কে অর্পন করা হয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগ ও জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর মাধ্যমে উপজেলা পরিষদকে কার্যকর ও জনকল্যাণমুখী করতে ফুলবাড়ী উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের সক্ষমতা, স্থানীয় চাহিদা, অগ্রাধিকার ও সম্পদের প্রাপ্যতার বিষয় সমূহ বিবেচনায় নেয়া হয়েছে। এছাড়া উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সকল অংশীজনের যেমন, ইউনিয়ন পরিষদ, হস্তান্তরিত বিভাগ সমূহের সম্পাদিত কাজ ও ভবিষ্যত পরিকল্পনা, এনজিও, বেসরকারি খাত এবং উপজেলার নাগরিকদের চাহিদা ও চ্যালেঞ্জ প্রতিফলিত হয়েছে। আমি আশা করি, প্রণীত পরিকল্পনা মাফিক উপজেলা পরিষদের কর্মকান্ড বাস্তবায়িত হলে হাকিমপুর উপজেলাবাসী এর সুবিধা পাবে এবং স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, অবকাঠামো ও তথ্য প্রযুক্তিতে কাঙ্খিত পরিবর্তন সাধিত হবে।

ফুলবাড়ী উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) প্রণয়নে পরিকল্পণা বিষয়ক কারিগরি দল (টিজিপি), অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয়সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি, হস্তান্তরিত বিভাগ সমূহের (টিএলডি) কর্মকর্তাসহ উপজেলা পরিষদ ও প্রশাসনের যে সকল কর্মচারী শ্রম দিয়েছেন তাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মো: ইসাহাক আলী)



# বাণী

মোঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
দিনাজপুর

গণতান্ত্রিক শাসনব্যবস্থার সঙ্গে জনঅংশগ্রহণ, উন্নয়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন এই প্রত্যয় ৩টি একে অপরের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। প্রত্যয় ৩ টি যখন এক সূত্রে একটি চক্র হিসেবে কাজ করে তখন উন্নয়ন হয় টেকসই। মনে রাখতে হবে উন্নয়ন পরিকল্পনা হলো উন্নয়নের কেন্দ্রবিন্দু। যার একপাশে অবস্থান করে জনঅংশগ্রহণ এবং অন্য পাশে বাস্তবায়ন। আবার প্রতিটি ক্ষেত্রেই প্রয়োজন জনগনের সক্রিয় অংশগ্রহণ যা নিশ্চিত করা গেলে আমাদের প্রত্যাশার সন্তোষজনক সমাপ্তি সম্ভব।

ফুলবাড়ী উপজেলা পরিষদ (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) অর্থ বছরের জন্য যে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে তাতে জনঅংশগ্রহণ নিশ্চিত হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি আশা করি প্রণীত পরিকল্পনার বাস্তবায়নও জনঅংশগ্রহণের ভিত্তিতে হবে। আমি বিশ্বাস করি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) আওতায় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অত্র উপজেলার জন্য একটি মাইল ফলক হিসেবে চিহ্নিত হবে।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) কারিগরি সহায়তায় পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) বই প্রণয়নে হাকিমপুর উপজেলা পরিষদ এবং প্রশাসনের যে সকল কর্মকর্তা ও কর্মচারী সময়, মেধা ও শ্রম ব্যয় করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মোঃ রফিকুল ইসলাম)



# বাণী


মোঃ রিয়াজ উদ্দিন
উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ
দিনাজপুর


স্থানীয় জনগণই জানে তাদের সমস্যা কি এবং কিভাবে তার সমাধান করা যাবে। তাই প্রয়োজন তাদের একত্রিত করে সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের সুযোগ করে দেয়া। জন অংশগ্রহণের ভিত্তিতে সমস্যা চিহ্নিতকরণ, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন এবং সমন্বিত মনিটরিং ব্যবস্থা এই প্রজেক্টটির অন্যতম চারিত্রিক বৈশিষ্ট্য। ইতোমধ্যে এই প্রজেক্টের সুফল দেশের বিভিন্ন উপজেলাবাসী পেতে শুরু করেছে।

বাংলাদেশের সকল বিভাগের উপজেলায় প্রকল্প হিসেবে গৃহীত হয়েছে। এর মধ্যে ফুলবাড়ী উপজেলাকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অন্তর্ভুক্ত করা হয়েছে। ফুলবাড়ী উপজেলা শুধুমাত্র দিনাজপুর জেলার মধ্যেই নয়, বরং বাংলাদেশের মধ্যে একটি অন্যতম বৃহৎ এবং সম্ভাবনাময় উপজেলা। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর মাধ্যমে ফুলবাড়ী উপজেলা তার সম্ভাবনাকে প্রত্যাশার উচ্চ শিখরে নিয়ে যাবে বলে আমার বিশ্বাস।

ফুলবাড়ী উপজেলা পরিষদ, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং সুশীল সমাজ সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করেছে যাতে উপজেলার প্রতিটি সমস্যা এবং সম্ভাবনা সুক্ষ্মভাবে বিবেচিত হয়েছে। উন্নয়নের নির্দেশকগুলো অর্জনের জন্য সকল প্রকার প্রচেষ্টার সমাবেশ যেমন এতে রয়েছে, তেমনি উন্নয়নকে বাধাগ্রস্ত করতে পারে এরূপ সমস্যার সমাধানের উপায়ও এতে স্থান পেয়েছে। এ ধরনের একটি সুচিন্তিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বই প্রকাশে যারা নিরলস ভাবে কাজ করেছেন তাদের প্রতি রইল আন্তরিক ধন্যবাদ।

**(মোঃ রিয়াজ উদ্দিন)**

# সূচিপত্র


| ক্র:নং | বিষয় বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | বাণী ও সম্পাদকীয় | |
| ২ | উপজেলার মানচিত্র | |
| ৩ | ভূমিকা ও উপজেলার পটভূমি | |
| ৪ | উপজেলা পরিষদের অন্তর্গত ইউনিয়ন পরিষদ সমূহ | |
| ৫ | জনসংখ্যা, অবকাঠামো ও আর্থ-সামজিক মৌলিক তথ্য ও উপাত্ত | |
| ৬ | বাজেট সার সংক্ষেপ | |
| ৭ | খাত ভিত্তিক সমস্যা নির্ধারণ পূর্বক পরিস্থিতি বিশ্লেষণ | |
| ৮ | বিভিন্ন উৎস থেকে চলমান উন্নয়ন কার্যক্রম (সম্পদের চিত্রায়ণ) | |
| ৯ | রূপকল্প বিবরণী এবং খাত ভিত্তিক লক্ষ্যমাত্রা, উদ্দেশ্য ও অভীষ্ট | |
| ১০ | প্রকল্পের সার-সংক্ষেপ | |
| ১১ | পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিবীক্ষণ ও পর্যালোচনা | |

## ২.ফুলবাড়ী উপজেলার মানচিত্র



# ৩.ভূমিকা ও উপজেলার পটভূমি

## ভূমিকা

উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ধারণাটি অপেক্ষাকৃত সাম্প্রতিক কালের। বাংলাদেশের সংবিধানে (অনুচ্ছেদ- ৫৯) স্থানীয় পর্যায়ে অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়টি উল্লেখ রয়েছে। পরিকল্পনা প্রণয়নের শুরুতেই নির্ধারিত দায় দায়িত্বেও মধ্যে কোন সময়ের জন্য কোন খাতকে প্রাধান্য দেয়া হবে বা অগ্রাধিকার দেয়া হবে তা সুনির্দিষ্ট করে নিলে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ সুবিধা পাওয়া যায়। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ফলাফল অর্জনের দিকে গুরুত্বারোপ করা এবং নিম্ন-উর্দ্ধমূখী (bottom up approach) পদ্ধতি অনুসরণ করা হয়। পরিকল্পনার অন্যতম প্রধান বিষয়বস্তুর মধ্যে একটি হচ্ছে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা। খাত ভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাতকে বিবেচনা পূর্বক স্থানীয় পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করা হয়।

উপজেলা পরিষদকে একটি শক্তিশালী কার্যকর, গণতান্ত্রিক ও জবাবদিহিতা মূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়। এ প্রকল্পের আওতায় কামারখন্দ উপজেলার জন্য একটি পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনার আলোকে কামারখন্দ উপজেলার জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়।

এ পরিকল্পনা বই তৈরির অন্যতম উদ্দেশ্য হচ্ছে স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে স্থানীয় সমস্যার সমাধান ও একটি গণতান্ত্রিক কার্যকর শক্তিশালী পরিষদ গঠন। বর্তমান সরকার উন্নয়ন লক্ষ্যসমূহ বিশেষভাবে বিবেচনায় এনে স্থানীয় জনগণের চাহিদার প্রতি দৃষ্টি রেখে কামারখন্দ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের প্রয়াস নেয়া হয়েছে।

## ফুলবাড়ী উপজেলা পরিচিতি ও ঐতিহাসিক পটভূমি

ফুলবাড়ী উপজেলার দিনাজপুর জেলা শহর থেকে প্রায় ৪১ কিঃ মিঃ দক্ষিণ পূর্বে অবস্থিত। উপজেলাটিরউত্তরে পার্বতীপুর এবং চিরিরবন্দর উপজেলা, দক্ষিণে বিরামপুর উপজেলা, পূর্বে নবাবগঞ্জ ও বিরামপুর উপজেলা এবং পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ দ্বারা বেষ্টিত।

এককালে ফুলবাড়ী ছিলো একটি দূর্গনগরী, একে কেন্দ্র করেই গড়ে উঠেছিলো নগর ও জনবসতি। সেইপ্রাচীনকালের নগরীর রেশ ও ক্রমধারায় নতুন আধুনিক শহর ধীরে ধীরে বেড়ে উঠেছে। কিন্তু দুর্গটির কোনো চিহ্ন আজ আর খুঁজে পাওয়া যায় না। বর্তমানে শহরের হাট বাজার ও ব্যবসাকেন্দ্র প্রাচীন দুর্গের অভ্যন্তরেই গড়ে উঠেছে।

জনশ্রুতি রয়েছে যে, প্রাচীন আমলে এই অঞ্চলে প্রচুর ফুলের বাগান ছিল। ফুলের বাগানের আধিক্যের কারণে এই জায়গাটির নাম ফুলবাড়ী হয়েছে।

ফুলবাড়ী শহরের পাশ দিয়ে পুরাতন যমুনা নদী এখনও বহমান। দিনাজপুরের দিক থেকে শহরে প্রবেশ করতেই নদীটির উপর একটি পুরাতন ব্রীজ প্রায় পূর্ব-পশ্চিমে দিনাজপুর-ফুলবাড়ী পাকা সড়কটিকে যুক্ত করেছে। সেতুটির পূর্ব প্রান্ত ঘেঁষে উত্তর দক্ষিণে ২০০ গজ দীর্ঘ দুর্গটির পশ্চিম দেয়ালের অস্তিত্ব রয়েছে। পরিখাবেষ্টিত অভ্যন্তরীণ দেয়ালের সামান্য রেশ কোথাও থাকলেও হাট বাজার ও জনতার চাপে তা বর্তমানে অদৃশ্য।

## ৪.ফুলবাড়ী উপজেলার ইউনিয়নসমূহ

ফুলবাড়ী উপজেলায় ০১টি পৌরসভা ও ৩ টি ইউনিয়ন রয়েছে:

| | |
|---|---|
| ১ | ফুলবাড়ী পৌরসভা |
| ২ | ০১ নং এলুয়ারী ইউপি |
| ৩ | ০২ নং আলাদীপুর ইউপি |
| ৪ | ০৩ নংকাজিহাল ইউপি |
| ৫ | ০৪ নং বেতদিঘী ইউপি |
| ৬ | ০৫ নং খয়ের বাড়ী ইউপি |
| ৭ | ০৬ নং দৌলতপুর ইউপি |
| ৮ | ০৭ নং শিবনগর ইউপি |

## ৫.জনসংখ্যা, অবকাঠামো ও আর্থ-সামজিক মৌলিক তথ্য ও উপাত্ত

৩ টি ইউনিয়ন নিয়ে গঠিত হাকিমপুর উপজেলার জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে (২০২২ সালের জনশুমারি অনুযায়ী) ১২৯৬ জন। আয়তনের দিক থেকে এটি দিনাজপুর জেলার একটি ক্ষুদ্রতম উপজেলা। উপজেলায় পর্যাপ্ত সংখ্যক গুরুত্বপূর্ণ সরকারী/ গণ অবকাঠামো (যেমনঃ হাট বাজার, হাসপাতাল, উপ স্বাস্থ্য কেন্দ্র, বিদ্যালয়) এর উপস্থিতি বিভিন্ন সরকারী সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

| বিষয় | পরিমাণ/ সংখ্যা | উৎস/ বছর |
|---|---|---|
| **উপজেলার রুপরেখা** | | |
| আয়তন | ২২৯.৫৫ বর্গ কিলোমিটার | (উপজেলা পরিসংখ্যান অফিস) |
| জনসংখ্যা | ১৯৪৫৬১ Rb (cÖvq) | আদম শুমারি ২০২২ (উপজেলা পরিসংখ্যান অফিস) |
| খানা/পরিবার | ৫০৩৫৬ wU | উপজেলা পরিষদ |
| প্রতিবন্দি জনসংখ্যা | ৫৮৯৭ জন | আদম শুমারি ২০২২ (উপজেলা পরিসংখ্যান অফিস) |

| | | |
|---|---|---|
| ভোটার সংখ্যা | ১৫৬৭২২ জন | উপজেলা নিবাচন কমিশন |
| জনসংখ্যার ঘনত্ব | ১২৯৬ (প্রতি বর্গ কিলোমিটারে) | আদম শুমারি ২০২২ (উপজেলা পরিসংখ্যান অফিস) |
| পৌরসভার সংখ্যা | ১ টি | উপজেলা পরিষদ |
| ইউনিয়নের সংখ্যা | ৭টি | উপজেলা পরিষদ |
| গ্রামের সংখ্যা | ১৫২ টি | উপজেলা পরিষদ |
| | | |
| হাট-বাজার | ১২ টি | উপজেলা পরিষদ |
| প্রজনন কেন্দ্র/ গ্রোথ সেন্টার | ০১ টি | উপজেলা পরিষদ |
| হাসপাতাল | ০১ টি | উপজেলা পরিষদ |
| উপ স্বাস্থ্য কেন্দ্র/কমিউনিটি ক্লিনিক | ১৯টি | উপজেলা পরিষদ |
| ব্যাংকের শাখা | ১০ টি | উপজেলা পরিষদ |
| ডাকঘর | ০৭ টি | উপজেলা পরিষদ |
| প্রাথমিক বিদ্যালয় | ১০৯ টি | উপজেলা পরিষদ |
| মাধ্যমিক বিদ্যালয় | ৩১ টি | উপজেলা পরিষদ |
| বিশ্ববিদ্যালয়/ কলেজ | ৭ টি | উপজেলা পরিষদ |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | ০৩ টি | উপজেলা পরিষদ |
| গণ শৌচাগার | | উপজেলা পরিষদ |
| মসজিদ | ৩০০ টি | উপজেলা পরিষদ |
| মন্দির | ৩০ টি | উপজেলা পরিষদ |
| কবরস্থান | ০১টি/৩৯টি | উপজেলা পরিষদ |
| নৌকার ঘাট | ০৪ টি | উপজেলা পরিষদ |
| পোস্ট অফিস | ০১ টি | উপজেলা পরিষদ |
| পাঠাগার | ০২ টি | উপজেলা পরিষদ |
| পার্ক/ উন্মুক্ত স্থান | ০১ টি | উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| পুকুরের সংখ্যা | ৪৫০টি | উপজেলা পরিষদ | |
| নদীর সংখ্যা | ০২ টি | উপজেলা পরিষদ | |
| **এসডিজি'র গুরুত্বপূর্ণ সূচকসমূহ এবং টার্গেটসমূহ** | **জাতীয় পর্যায়ে বেসলাইন তথ্য (বছর)** | **উপজেলার সর্বশেষ তথ্য (বছর)** | **২০৩০ সালের লক্ষ্যমাত্রা** |
| ১.২.১ জাতীয় দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনসংখ্যার মধ্যে দারিদ্রের হার (%) (এসডিজি- ১, টার্গেট ১.২) | ২৪.৩% (HIES, ২০১৬) | ২১% | <১০% |
| ২.২.২ পাঁচ (৫) বছরের কম বয়সী শিশুদের মধ্যে অপুষ্টির হার (%) (এসডিজি ২, টার্গেট ২.২) | ২২.২% (BDHS, ২০১৫) | ১৮% | <১০% |
| ৩.১.১ মাতৃ মৃত্যুর হার (প্রতি ১০০০ শিশুর জন্য) (এসডিজি ৩, টার্গেট ৩.১) | ১৯০ (SVRS, ২০১৫) | ১৬০ | <৭০ |
| ৪.২.২ প্রাতিষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণকারীর হার (সরকারি হিসাবে প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সের সময়) (%) (এসডিজি ৪, টার্গেট ৪.২) | ৯৮% (SPSC, ২০১৫) | ৯৮% | ১০০% |
| ৫.৫.১ স্থানীয় সরকারে প্রতিনিধিত্বকারী নারী প্রতিনিধির পরিমাণ (%) (এসডিজি ৫, টার্গেট ৫.৫) | ২৩% (স্থানীয় সরকার বিভাগ, ২০১৬) | ১০ জন | ৩৩% |
| ৬.১.১ নিরাপদ পানীয় জল ব্যবহারকারী জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৬, টার্গেট ৬.১) | ৯০%, (MICS, ২০১৯) | ৮৮% | ৯৫% |
| ৭.১.১ বিদ্যুৎ সরবরাহের আওতায় থাকা জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৭, টার্গেট ৭.১) | ৭৮% (SVRS, ২০১৮) | ১০০% | ১০০% |
| ৮.৬.১ ১৫-২৪ বছর বয়সী যুবকদের মধ্যে শিক্ষা, কর্মসংস্থান, বা প্রশিক্ষণে না থাকা যুবকের পরিমাণ (%) (এসডিজি ৮, টার্গেট ৮.৬) | ২৪% (NEET, ২০১৫-২২-২৫) | | ১৫% |
| ৯.গ.১ মোবাইল নেটওয়ার্কের আওতায় থাকা জনসংখ্যার অনুপাত | 3G- ১০০%<br>4G- ৯৯%<br>5G- ৫০% | 3G- ১০০%<br>4G- ৯৯%<br>5G- ৫০% | ১০০% |
| ঝরে পড়া শিক্ষার্থীর হার | প্রাথমিক ৯%, মাধ্যমিক ১৭%<br>উচ্চ মাধ্যমিক ২০%<br>২০১৫ সাল | প্রাথমিক ৭%, মাধ্যমিক ১৪%<br>উচ্চ মাধ্যমিক ২১% | প্রাথমিক < ২%<br>মাধ্যমিক <৫%<br>উচ্চ মাধ্যমিক <১০% |
| স্বাস্থ্যসম্মত শৌচাগার ব্যবহারকারী পরিবার (%) | ৬৫%<br>(বিবিএস-২০১৫ সাল) | ৮২% | ৯৫% |

## ৬.পঞ্চবার্ষিক বাজেট সার-সংক্ষেপ (২০২৫-২৬ হতে ২০২৯-৩০)

| বিবরণ | | পূর্ববর্তী বছরের প্রকৃত ২০২৪-২৫ | চলতি বছরের বাজেট বাচলতি বছরের সংশোধিত বাজেট ২০২৫-২৬ | পরবর্তী বছরের বাজেট ২০২৬-২৭ |
|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ |
| অংশ-১ | রাজস্ব হিসাব<br>প্রাপ্তি<br>রাজস্ব<br>অনুদান | ৪৫,৩৮,৭০২/- | ৭১,৩০,৭৭২/- | ৭২,৩০,৭৭২/- |
| | মোটপ্রাপ্তি | ৪৫,৩৮,৭০২/- | ৭১,৩০,৭৭২/- | ৭২,৩০,৭৭২/- |
| | বাদ রাজস্ব ব্যয় | ৪৫,৩৮,৭০২/- | ৭১,৩০,৭৭২/- | ৭২,৩০,৭৭২/- |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি (ক) | --- | --- | --- |
| অংশ-২ | **উন্নয়ন হিসাব**<br>**উন্নয়ন অনুদান** | ৫৫,০০০/- | ৫৯,৬২২/- | ১০,০০,০০০/- |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | - | - | - |
| | মোট (খ) | ৫৫,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ৫৫,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| | বাদ উন্নয়ন ব্যয় | | | |
| | **সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি** | - | - | - |
| | যোগ প্রারম্ভিক জের ( ১ জুলাই) | - | - | - |
| | সমাপ্তি জের | - | - | - |

# ৭.খাত ভিত্তিক সমস্যা নির্ধারণ পূর্বক পরিস্থিতি বিশ্লেষণ

উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ণ করার অংশ হিসেবে প্রথমেই উপজেলায় বিদ্যমান বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ করা হয়। এই পরিস্থিতি বিশ্লেষণ এর মাধ্যমে উপজেলার অন্তর্ভুক্ত সকল হস্তান্তরিত ডিপার্টমেন্ট/ দপ্তর থেকে বিভিন্ন সমস্যা, সেই সমস্যাগুলো নিরসনে ইতিমধ্যে কি পদক্ষেপ নেয়া হয়েছে এবং একই সাথে আরো কি ধরনের উদ্যোগ নেয়ার মাধ্যমে উপজেলার জনগণকে এই সমস্যাগুলো থেকে উত্তরণ করা যেতে পারে তার একটি চিত্র দেখা যায়। হাকিমপুর উপজেলার পরিস্থিতি বিশ্লেষণে দেখা যায় যে, সকল হস্তান্তরিত ডিপার্টমেন্ট/ দপ্তরেই সমস্যা বিদ্যমান যার মধ্যে যোগাযোগ এবং ভৌত খাতে সবচেয়ে বেশি সমস্যা বিদ্যমান, এর পরেই রয়েছে মানব সম্পদ উন্নয়নখাত, শিক্ষা, স্বাস্থ্য এবং জনস্বাস্থ্য, এবং কৃষি ক্ষেত্রে মানুষ বেশী সমস্যার সম্মুখীন হচ্ছে।

পরিস্থিতি বিশ্লেষণ করার পর, উপজেলা পরিষদের মাসিক সভায় এই সকল সমস্যাগুলো নিয়ে আলোচনা করা হয়। সকল অংশীজন (সকল কর্মকর্তা এবং ইউনিয়ন চেয়ারম্যানগন) এর সম্মিলিত আলোচনায় পরিস্থিতি বিশ্লেষণে উল্লিখিত সমস্যা গুলো নিরসনের জন্য একটি সামগ্রিক দিকনির্দেশনা পাওয়া যায়। এই সভায় Need based assessment বা **'চাহিদা ভিত্তিক মূল্যায়ন'** এর মাধ্যমে উপজেলা পরিষদ সকল খাত থেকে ৫টি খাতকে অগ্রাধিকার ভিত্তিতে বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য হিসেবে নির্ধারণ করে। যে সকল সমস্যা নিরসনের মাধ্যমে উপজেলা পরিষদ সর্বোচ্চ সংখ্যক ডিপার্টমেন্ট/ দপ্তর এর সমস্যার নিরসন করতে পারে তা এই লক্ষ্য নির্ধারনের সময় আবশ্যিক ভাবে খেয়াল রাখা হয়।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৫-২৬ হতে ২০২৯-৩০) এর লক্ষ্য হিসেবে যোগাযোগ এবং ভৌত, শিক্ষা, স্বাস্থ্য এবং জনস্বাস্থ্য, মানব সম্পদ উন্নয়ন এবং কৃষি খাতগুলোকে নির্বাচিত করা হয়। মূলতঃ এই খাতগুলোর সমস্যা নিরসন করার মাধ্যমে পরোক্ষভাবে ১৭ টি হস্তান্তরিত বিভাগের সমস্যাই ক্রমান্বয় হ্রাস পাবে।

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| মৎস্য | মাছ চাষের নতুন নতুন প্রযুক্তি গ্রহণ এবং আধুনিক ও বিজ্ঞানসম্মত উপায়ে মাছ চাষে মৎস্য চাষিদের অনাগ্রহ। | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৭ টি ইউনিয়নের প্রায় ৪৫০০ মৎস্য চাষি। | আধুনিক ও নিরাপদ মাছ উৎপাদনের কারিগরি জ্ঞান ও দক্ষতার অভাব এবং আধুনিক প্রযুক্তি গ্রহণে অনাগ্রহ | উন্নত প্রযুক্তিতে মাছ চাষ বিষয়ক ৫ ব্যাচে ১২৫ জন মাছ চাষীকে প্রশিক্ষণ প্রদান এবং পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে ১টি করে উন্নত মাছ চাষ বিষয়ক প্রদর্শনী বাস্তবায়ন | মাছের উৎপাদন এবং চাষীর লাভের মাত্রা কাংক্ষিত পর্যায়ে হবেনা । | বিভিন্ন জলাশয়ের পানি পরীক্ষার যন্ত্রপাতি সরবরাহ, উন্নত প্রযুক্তিতে কার্প জাতীয় মাছের সাথে উচ্চ মূল্যের গুলশা, টেংরা ,পাবদা,শিং মাছচাষ প্রশিক্ষণ এবং প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে । |
| | উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন হ্রাস | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৭ টি ইউনিয়নে ২৯০০ জন নিবন্ধিত এবং অসংখ্য অনিবন্ধিত জেলে | অধিক হারে মা মাছ ও ছোট মাছ আহরণ এবং মাছের প্রাকৃতিক আবাসস্থল দূষিত ও হ্রাস | ৪ ব্যাচে ১২০ জন মৎস্যজীবিকে প্রশিক্ষণ প্রদান এবং ২টি ব্যাচে অভয়াশ্রম ও ২টি বিলে নার্সারী স্থাপন | নতুন অভয়াশ্রম/বিলে নার্সারী নির্মাণ এবং পুরাতন অভয়াশ্রম রক্ষণাবেক্ষন না করা হলে উন্মুক্ত জলাশয়ে উৎপাদন ক্রমশ হ্রাস পাবে । | মৎস্য জীবিদের সচেতনতামূলক প্রশিক্ষণ, বিলে নার্সারী স্থাপন এবং অভয়াশ্রম কার্যক্রম বাস্তবায়ন করা । |
| জনস্বাস্থ্য | নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিনের অভাবে বিভিন্ন ধরনের পানি বাহিত রোগ হচ্ছে | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন । | ১৮ হাজার মানুষ নিরাপদ পানি ও ২৫ হাজার মানুষ স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন এর ভুক্তভোগী | -আয়রন,আর্সেনিক ও বিভিন্ন ধাতব পর্দাথ মিশ্রিত পানি<br>- অতিরিক্ত পানি উত্তোলনের কারণে পানির লেয়ার নীচে নেমে যাচ্ছে<br>-আর্থিক সমস্যা<br>-মানুষের সচেতনতার অভাব | বিভিন্ন ইউনিয়নে ৪০০ টি অগভীর নলকূপ ও গ্রামীণ স্যানিটেশন ৫০০টি স্থাপন । | বিভিন্ন ইউনিয়নে সচেতনতামূলক প্রশিক্ষণ/আলোচনা করার পাশাপাশি গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা করা না হলে অনেক মানুষ পানিবাহিত রোগব্যাধিতে আক্রান্ত হবে। | কমিউনিটি বেইজড ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন, রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই, গভীর ও অগভীর নলকূপ স্থাপন, পাবলিক টয়লেট/ ওয়াশব্লক নির্মাণ, সচেতনতামূলক প্রশিক্ষণ/ক্যাম্পেইন করা যেতে পারে । |
| প্রাণিসম্পদ | উপযুক্ত অপারেশন থিয়েটার, ল্যাব এবং ইউনিয়ন পর্যায়ে কৃত্রিম প্রজনন কেন্দ্র না থাকার | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৩০ হাজার খামারী ও কৃষক | -অধিদপ্তরের ও উপজেলা বাজেট বরাদ্দ না থাকার | চলমান কোন প্রকল্প নাই। | সমস্যা বিদ্যমান হ্রাস পাবে। | উপজেলা পর্যায়ে উন্নত মানের অপারেশন থিয়েটার সহ ল্যাব স্থাপন, গবাদি পশুর জাত উন্নয়নের জন্য ইউনিয়ন পর্যা |

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| | কারণে সেবা ব্যাহত ও জাত উন্নয়ন হচ্ছে না | | | | | | য়ে কৃত্রিম প্রজনন স্থাপন, চিকিৎসাধীন পশুর ওয়েটিং সেড এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান |
| কৃষি | ১. রাসায়নিক সার ও বালাইনাশকের মাত্রাতিরিক্ত ব্যবহারের ফলে নিরাপদ ফসল উৎপাদন ব্যহত হচ্ছে। | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৩০০০০জন কৃষক রাসায়নিক সার ও বালাইনাশককের মাত্রাতিরিক্ত ব্যবহার করে থাকে। | রাসায়নিক সার ও বালাইনাশকের মাত্রাতিরিক্ত ব্যবহারের ক্ষতিকর দিক সম্পর্কে অপ্রতুল জ্ঞান। | কৃষি অফিসের চলমান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সীমিত পরিসরে কৃষকদের নিরাপদ বালাইনাশকের ব্যবহার সম্পর্কে ধারনা প্রদান করা হলেও বাস্তব প্রশিক্ষনের ব্যবস্থা নেই। | ৫০০০ কৃষকের মধ্যে এই সমস্যা বিদ্যমান থেকে যাবে। | উপজেলা পরিষদ ০৩ টি ইউনিয়নে মোট ১০০০ জন কৃষককে নিরাপদ ফসল উৎপাদন ও বালাইনাশক ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ করা যেতে পারে। |
| | ২. জমির উর্বরতা ক্রমান্বয় হ্রাস পাচ্ছে। | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৪০০০ হেঃ জমি। | নিবিড় শস্য চাষ (Intensive Cultivation) ও অসম মাত্রায় রাসায়নিক সার এবং জৈব সারের প্রয়োগ। | উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন প্রকল্পের আওতায় স্বল্প পরিসরে সুবিধাভোগী কৃষকদের দ্বারা জৈব সার উৎপাদন ও জমিতে প্রয়োগ কার্যক্রম চলমান। | ২৫০০ হেঃ জমিতে এই সমস্যা বিদ্যমান থেকে যাবে। | উপজেলায় কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য জৈব কৃষির উপর কৃষক প্রশিক্ষণ ও জৈব সার তৈরির উপকরণ বিতরণ করা যেতে পারে |
| | ৩. জলাবদ্ধতার কারণে ফসলী জমি পতিত হওয়ার পরিমাণ ক্রমান্বয় বৃদ্ধি পাচ্ছে। | | ১৫০০ হেঃ জমি। | কৃষি জমি উপেক্ষা করে অপরিকল্পিত রাস্তা নির্মাণ ও কালভার্ট এবং পুল এর জল নিষ্কাশন পয়েন্টে বাধা । | স্থানীয় কৃষকদের এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদনের জন্য উদ্বুদ্ধকরণ। | ১০০০ হেঃ জমিতে এই সমস্যা বিদ্যমান থেকে যাবে। | জমির জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মাণ করা, পরিকল্পিত ভাবে কালভার্ট,ব্রীজ ও রাস্তা নির্মাণ করা যেতে পারে। |

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| যোগাযোগ ও ভৌত অবকাঠামো | উপজেলার কিছু গ্রামের জনসাধারণ এখনো স্কুল, কলেজ, হাসপাতাল, হাট-বাজার, রেলস্টেশন, ইউনিয়ন ও উপজেলা পরিষদে সহজে যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ০৭ টি ইউনিয়নের প্রায় ২৫০ কিঃমিঃ-৩০০কিঃমিঃ যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। | -পর্যাপ্ত রাস্তা না থাকা<br>- রাস্তার প্রশস্ততার কম।<br>- অত্র এলাকার মাটি বালিমাটি সমৃদ্ধ হওয়ায় বৃষ্টিতে রাস্তাগুলি ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হয়। | - এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রায় ৮০ কিঃ মিঃ রাস্তা নির্মাণ, ৮কিঃমিঃ রাস্তা মেরামত করা হবে।<br>- প্রায় ৩০ কিঃ মিঃ রাস্তা নির্মাণ, ১০ কিঃ মিঃ রাস্তা মেরামত ও প্রায় ১৫ কিঃ মিঃ রাস্তা প্রশস্তকরণের প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। | প্রায় ৮০ কিঃ মিঃ রাস্তা নির্মাণ, ৩০ কিঃ মিঃ রাস্তা মেরামত ও ২০ কিঃ মিঃ প্রশস্তকরণ কাজ অসমাপ্ত থাকবে। | - উপজেলা পরিষদ থেকে আগামী ২০২৫-২৬হতে ২০২৯-৩০ অর্থ বছরে<br>- অবশিষ্ট কাজ বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>- যাত্রীদের নিরাপদের কথা বিবেচনা সেন্ট্রাল পার্ক সংলগ্ন ওয়াশব্লক ও বিশ্রাগার তৈরী করা যেতে পারে |
| স্বাস্থ্য | নিরাপদ ডেলিভেরী সেবা ও নবজাতকের স্বাস্থ্য সেবা প্রদান, বহিঃবিভাগে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান ব্যাহত হচ্ছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। | দৈনিক ১৩০ -১৫০ রোগী এই ভোগান্তির স্বীকার হচ্ছে। | ১। নিরাপদ ডেলিভেরী কেন্দ্রের সময়মতো না আসা<br>২। প্রয়োজনের তুলোনায় জনবল কম থাকার কারনে অতিরিক্ত ভিড় হচ্ছে। | বহিঃবিভাগে বিদ্যমান ২ জন এমএলএসএস নিয়োগ।<br>২। ইউজিডিপি প্রকল্পের এর মাধ্যমে বিগত অর্থবছরের কিছু সংখ্যক আসবাবপত্র (চেয়ার) এর ব্যবস্থা করা হয়েছে। | স্বাস্থ্য সেবার বিঘ্নতা সহ অপরিকল্পিত সেবা বিদ্যমান থাকবে। | ১। উপজেলা পরিষদ হইতে গ্রাম পুলিশ বা আনসার সদস্য পদপয়নের মাধ্যমে<br>২। নিরাপদ ডেলিভেরী সেবা প্রদানের জন্য বিভিন্ন মাধ্যমে সচেতনতা বৃদ্ধি ও জনবল নিয়োগে |
| | স্বাস্থ্য সেবা গ্রহণকারী/রোগীরা সুপেয় পানি পান করতে পারছে না। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। | দৈনিক ১০০ -১২০ রোগী এই ভোগান্তির স্বীকার হয়। | হাসপাতাল প্রাঙ্গনে সুপেয় পানির জন্য নলকূপ না থাকা (১টি গভীর নলকূপ রয়েছে যাতে প্রচুর আয়রন যুক্ত পানি এবং ব্যবহার অনুপযোগী)। | চলমান কোন প্রকল্প নাই। | বিদ্যমান ও চলমান সমস্যা। | উপজেলা পরিষদ হতে হাসপাতাল প্রাঙ্গনে ১টি ওয়াটারট্রিটমেন্ট প্লান্ট স্থাপনের মাধ্যমে সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করা যেতে পারে। |

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা | ১। শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার দিন দিন কমে যাচ্ছে।<br><br>২। ডিজিটাল প্লাটফর্মে পাঠদানের উপযুক্ত শিক্ষকের অভাব। | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ১২টি স্কুল, ১০টি মাদ্রাসা, ০৫টি কলেজ ও ০৩টি টেকনিক্যাল কলেজ। | -অর্থনৈতিক চাপ<br>-পারিবারিক দায়বদ্ধতা<br>-বাল্য বিবাহ<br>- দারিদ্রতা<br>- চাকুরীর অনিশ্চয়তা<br>- যাতায়াতের সমস্যা<br>- যৌন হয়রানি<br>- সচেতনার অভাব<br>- স্কুলে বিভিন্ন আসবাবপত্র ও বৈদ্যুতিক সরঞ্জামের অপ্রতুলতা<br>- শিক্ষক প্রশিক্ষণের অভাব আই.টি সরঞ্জামের অভাব। | - এসইডিপি প্রকল্প থেকে ২৫০০ জন শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হবে ও উপজেলা পরিষদের মাধ্যমে ডিজিটাল প্লাটফমে পাঠদানের জন্য শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা<br>- এ ছাড়া বাল্য বিবাহ রোধে উপজেলা প্রশাসন মোবাইল কোর্ট পরিচালনা করছে।<br>ইউজিডিপি ও অন্যান্য প্রকল্প থেকে আসবাবপত্র ও বৈদ্যতিক সরঞ্জামাদি সরবরাহ করা | ১। অনুপস্থিতির হার ৩%-৫% অবশিষ্ট থাকবে। | ইউজিডিপি ও অন্যান্য প্রকল্প থেকে আসবাবপত্র ও বৈদ্যতিক সরঞ্জামাদি সরবরাহ করা<br>- ৭৫০ টি ফ্যান প্রদান<br>- পিতা-মাতা ও স্থানীয় লোকজনকে শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতন করার লক্ষ্যে উপজেলা পরিষদ ৫টি প্রেরণামূলক কর্মশালার আয়োজন করা ।<br>-মান সম্মত শিক্ষা অর্জনে শিক্ষকদের দক্ষতা উন্নয়নে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ ।<br>- ছাত্রীদেরকে সহজে যাতায়াত করার জন্য ৩০০টি বাইসাইকেল প্রদান করা<br>- বাল্য বিবাহ ও যৌন হয়রানি রোধে কঠোর আইন প্রয়োগ করবে।<br>- ইউজিডিপি প্রকল্প থেকে ছাত্রীদের জন্য বিভিন্ন স্কুলে ওয়াশরুক/ব্যক্তিগত পরিচ্ছন্নতা রুম নির্মাণ করবে।<br>- ইউজিডিপি প্রকল্প থেকে ডিজিটাল প্লাটফর্মে পাঠদান বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ , বিষয় ভিত্তিক প্রশিক্ষণ এবং আইসিটি সামগ্রী প্রদান করা। |

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| যুব উন্নয়ন | যথাযথ প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তার অভাবে শিক্ষিত যুব বেকারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | নির্ধারিত নয়। | -বাজেট বরাদ্দ না থাকা<br>উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কেন্দ্র না থাকা | যুব প্রশিক্ষণ ও বিনোদনকেন্দ্র স্থাপন (প্রক্রিয়াধীন)। | সমস্যা কিছুটা হ্রাস পাবে। | -ট্রেড বা বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করা<br>-প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন/ নির্মাণ।<br>-স্বল্প মুনাফায় ঋণের ব্যবস্থা করা |
| সমবায় | সমবায় সমিতির সদস্যগণ দিন দিন আগ্রহ হারাচ্ছেন । | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৮০০ জন বিভিন্ন সমবায় সমিতির সদস্য। | ১. ভেন্যুগত সমস্যা<br>২. প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যদের মধ্যে উপকরণ প্রদানে অর্থের সমস্যা।<br>৩. যথাযথ প্রশিক্ষণের অভাব। | কোন বাজেট বরাদ্দ না থাকা | সমস্যা বিদ্যমান থেকে যাবে। | সমবায় সমিতির সদস্যদের প্লাম্বিং, মোবাইল সার্ভিসিং, সেলাই, হাঁস মুরগী পালন, গরু ও ছাগল মোটাতাজা করণ , গাভী পালন, বসতবাড়ির আঙিনায় শাক-সব্জি চাষের প্রশিক্ষণ, জুতা তৈরী প্রশিক্ষণ, ইলেকট্রিক্যাল ও ক্রিষ্টাল তৈরির মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ । |
| প্রাথমিক শিক্ষা | শিক্ষার্থীদের ঝড়ে পরার হার বৃদ্ধি পাচ্ছে এবং মান সম্মত শিক্ষা অর্জন ব্যাহত হচ্ছে | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | নির্ধারিত নয় | ১. শিক্ষকের স্বল্পতা/দূর্বলতা<br>২. বাল্যবিবাহ।<br>৩. শিশুশ্রম।<br>৪. বই সংরক্ষণ/মজুদ করণে সমস্যা<br>৫. অসচেনতা। | চলমান কোন প্রকল্প নাই। | সমস্যা হ্রাস পাবে | -শিক্ষকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ<br>-বই সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ<br>-অভিভাবক সভার আয়োজন করা<br>-বসার বেঞ্চের সরবরাহ করা |
| পরিবার পরিকল্পনা | নরমাল ডেলিভেরি সেবা | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ০৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার | -যন্ত্রপাতির ঘাটতি<br>-অবকাঠামোগত | নাই। | সমস্যা হ্রাস পাবে । | -সেবা সংক্রান্ত যন্ত্রপাতি সরবরাহ করা |

| খাত | সমস্যা সমূহের বিবরণ | | | | সাম্প্রতিক বা চলমান অথবা পরিকল্পিত কার্যক্রম | আর কোন পদক্ষেপ নেয়া হলে ৫ বছর পর অবশিষ্ট সমস্যার বিবরণ | সুপারিশযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমাণ/স্থিতি | কারণ | | | |
| | প্রদান পরিবার পরিকল্পনা সেবা প্রদান ব্যহত হচ্ছে। | | কল্যাণ কেন্দ্র এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং সক্ষম দম্পত্তির সংখ্যা | সমস্যা<br>-প্রশিক্ষণের সুবিধা না থাকা/ কম থাকা<br>-জনবল ঘাটতি | | | -প্রয়োজনীয় ভবন/কক্ষ/ নিরাপত্তা প্রাচীর / সংযোগ সড়ক নির্মাণ/ মেরামত /সংস্কার করা<br>- সেবা প্রদান কারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ এর ব্যবস্থা করা |
| উপজেলা মহিলা বিষয়ক | দিন দিন শিক্ষিত বেকার যুব মহিলাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ২০০০-২৫০০ জন | -চাকুরির সুযোগ না থাকা<br>-উদ্যেক্তা তৈরীর জন্য প্রশিক্ষণের অভাব<br>-মূলধন না থাকা | নাই | সমস্যা হ্রাস পাবে । | উদ্যেক্তা তৈরীর জন্য বিভিন্ন প্রশিক্ষণ দেয়া, যেমন- (বিউটিশিয়ান, ব্লকবাটিক, কম্পিউটার, সেলাই সহ অন্যান্য), প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা । |
| বাংলদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সমবায়ীদের সঞ্চয় জমা ও ঋণ পরিশোধে অনীহা | ফুলবাড়ী উপজেলার ৭ টি ইউনিয়ন | ৪০০-৫০০ জন সদস্য | কর্মসংস্থানের অভাব, আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ না হওয়া, কারিগরী জ্ঞানের স্বল্পতা | -বিভিন্ন সমবায় সমিতির মাধ্যমে ঋণ প্রদান চলমান<br>-মহিলাদের প্রশিক্ষণ ও ঋণ প্রদান চলমান<br>- দলে/গ্রুপে কাজের পরিবেশ না থাকা | সমস্যা হ্রাস পাবে | -চাহিদা ভিত্তিক আইজিএ প্রশিক্ষণের ব্যবস্থা করা ।<br>- সমবায়ীদের দুগ্ধ উৎপাদন, গরু ও উন্নত জাতের ছাগল পালন প্রশিক্ষণের ব্যবস্থা করা<br>-কমিউনিটি রিসোর্স সেন্টার নির্মাণ |

## ৬. ৫ বছরের বাজেট সার-সংক্ষেপ (২০২৫-২৬ হতে ২০২৯-২০৩০)

২০২৫-২০৩০ অর্থবছরকে ভিত্তি ধরে ২০২৫-৩০ হতে ২০২৯-২০৩০ অর্থবছরের প্রাক্কলিত বাজেট নিরুপণ করা হয়েছে । এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) এর বরাদ্দ দাড়ায় ৩৮০০০০০০ টাকা, ইউজিডিপি এর বরাদ্দ দাড়ায় ২,৫০,০০০০০ টাকা, স্থানীয় ভাবে আহরিত সম্পদ (পূর্ববর্তী বছরের রাজস্ব উদ্বৃত্ত) এর বরাদ্দ দাড়ায় ৫০,০০০০০ টাকা । একই ভাবে বাজেটের অন্যান্য অর্থায়নের উৎস যেমন জাতীয় প্রকল্প বাবদ উপজেলা পরিষদের উপর হস্তান্তরিত দপ্তর সমুহের বাজেট, জেলা পরিষদের উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি (এডিপি এবং রাজস্ব উদ্বৃত্ত), উপজেলায় সংসদ সদস্যের প্রকল্প, এনজিও ইত্যাদি অর্ন্তভুক্ত ।

| ক্রমিক নং | অর্থায়নের উৎস | বার্ষিক গড় বরাদ্দ (টাকা) (অর্থবছর ২০২৫-৩০) | ৫ বছরের বাজেট(বার্ষিক বরাদ্দ*৫) |
|---|---|---|---|
| ১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মঞ্জুরি | ৭,৬০০,০০০ | ৩৮০০০০০০ |
| ২ | বিশেষ কর্মসূচির (ইউজিডিপি) মঞ্জুরি | ৭,০০০,০০০ | ৩৫০০০০০০ |
| ৩ | স"ানীয়ভাবে আহরিত সম্পদ ( পূর্ববর্তী বছরের রাজস্ব উদ্ব"ত্ত) | ১,০০০,০০০ | ৫০০০০০০ |
| ৪ | উপজেলায় বাস্তবায়নের জন্য জাতীয় প্রকল্প বাবদ উপজেলা পরিষদের উপর হস্তান্তরিত দপ্তরসমূহের বাজেট | ২৫০০০০০ | ১২৫০০০০০ |
| ৫ | জেলা পরিষদের উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি (এডিপি এবং রাজস্ব উদ্ব"ত্ত) | ২,৫০০,০০০ | ১২৫০০০০০ |
| ৬ | উপজেলায় সংসদ সদস্যের প্রকল্প | ৯,০৩৬,০০০ | ৪৫১৮০০০০ |
| ৭ | এনজিও | ১,০০৫,৬০০ | ৫০২৮০০০ |

# ৮.সম্পদের চিত্রায়ণ

## বিভিন্ন উৎস থেকে চলমান উন্নয়ন কার্যক্রম (সম্পদের চিত্রায়ণ)

ফুলবাড়ী উপজেলায় এলজিইডি, কৃষি, প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, মৎস্য, প্রাণীসম্পদ, পল্লী উন্নয়ন, সমবায়, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, পরিবার পরিকল্পনা, মহিলা বিষয়ক, জনস্বাস্থ্য (ডিপিএইচই), বন, যুব উন্নয়ন, সমাজসেবা অধিদপ্তর, দুর্যোগ ব্যাবস্থাপনা দপ্তরের বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প/কর্মসূচি চলমান আছে। এ সকল প্রকল্প উপজেলার উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

| খাত | পরিকল্পনা/প্রকল্পের নাম | অভীষ্ট গোষ্ঠ ও ফলাফল সহ সংক্ষিপ্ত বিবরণী | এলাকা (উপজেলা/পৌরসভার নাম) | মেয়াদ / বাজেট |
|---|---|---|---|---|
| **জাতীয় পরিকল্পনা/ প্রকল্প** | | | | |
| মৎস্য | ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২)। | প্রকল্পের মাধ্যমে মৎস্যচাষিদের প্রশিক্ষণ প্রদান এবং প্রদর্শনী খামার স্থাপন করা হবে। এআইএফ-২ ও এআইএফ-৩ এর আওতায় মৎস্যচাষি /মৎস্যজীবীদের মধ্যে পিকআপ ভ্যান, এ্যারেটর, খাদ্য তৈরীর মেশিন, সেচপাম্পসহ বিভিন্ন উপকরণ দেওয়া হবে।<br>অভীষ্ট গোষ্ঠী- ফুলবাড়ী উপজেলার সকল মৎস্যচাষি, মৎস্যজীবী, মৎস্য ব্যবসায়ী এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। | ফুলবাড়ী উপজেলা | প্রকল্পের ময়োদঃ ৩০ জুন, ২০২৩<br>২০২২-২০২৩ অর্থবছরে আনুমানিক বরাদ্দঃ ৪,৫০,০০০/- টাকা |
| | ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)। | প্রকল্পের মাধ্যমে মৎস্যচাষিদের প্রশিক্ষণ প্রদান এবং প্রদর্শনী খামার স্থাপন করা হবে।<br><br>অভীষ্ট গোষ্ঠী- ফুলবাড়ী উপজেলার সকল মৎস্যচাষি, মৎস্যজীবী, মৎস্য ব্যবসায়ী এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। | ফুলবাড়ী উপজেলা | ময়াদঃ ৩০ জুন, ২০২২<br>২০২১-২০২২ অর্থবছরে আনুমানিক বরাদ্দঃ ২,৯৫,০০০/- টাকা |
| | রাজশাহী বিভাগে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প। | প্রকল্পের মাধ্যমে মৎস্যচাষিদের প্রশিক্ষণ প্রদান প্রদর্শনী খামার স্থাপন, বিল নার্সারি স্থাপন, মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হবে।<br><br>অভীষ্ট গোষ্ঠী- ফুলবাড়ী উপজেলার সকল মৎস্যচাষি, | ফুলবাড়ী উপজেলা | প্রকল্পের মেয়াদঃ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ<br>২০২২-২০২৩ অর্থবছরে আনুমানিক বরাদ্দঃ ১,৯০,০০০/- টাকা |

| খাত | পরিকল্পনা/প্রকল্পের নাম | অভীষ্ট গোষ্ঠ ও ফলাফল সহ সংক্ষিপ্ত বিবরণী | এলাকা (উপজেলা/পৌরসভার নাম) | মেয়াদ / বাজেট |
|---|---|---|---|---|
| | | মৎস্যজীবী, মৎস্য ব্যবসায়ী এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। | | |
| জনস্বাস্থ্য | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প। | প্রকল্পের মাধ্যমে প্রতি ইউনিয়নে প্রতি অর্থবছরে ২৬ টি করে নিরাপদ সুপেয় পানির উৎস স্থাপন করা হবে। | ফুলবাড়ী উপজেলা | প্রকল্পের ময়োদঃ ৩০ জুন, ২০২৩<br>২০২১-২০২২ অর্থবছরে আনুমানিক বরাদ্দঃ ৩৩,০০,০০০/- টাকা |
| | পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প। | প্রতিটি ইউনিয়নে ২৫০০ টি পানির উৎসের আর্সেনিক পরীক্ষা করা হবে। | ফুলবাড়ী উপজেলা | প্রকল্পের মেয়াদঃ ৩০ জুন, ২০২২<br>২০২১-২০২২ অর্থবছরে আনুমানিক বরাদ্দঃ ১৫,০০,০০০/- টাকা |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী প্রকল্পের অর্থায়নে বাস্তবায়ন। | অভীষ্ট গোষ্টীঃ ফুলবাড়ী উপজেলার জনসাধারন। খানা জরিপের মধ্যমে মহিলা ও পুরুষদের নিয়ে সমবায় সমিতি গঠন। সমবায় সমিতিতে সঞ্চয় জমা করন। প্রকল্পের অর্থায়নে মহিলাদের ০১ (এক) মাস ব্যাপী রাজশাহী টিটিসি এর মাধ্যমে সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ। সমবায় সমিতির পুরুষ সদস্যদের ড্রাইভিং, ম্যাকানিক, প্লাম্বিং এবং কার্পেটিংসহ অনন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রকল্পের মাধ্যমে সমবায় সমিতির ৪০ (চল্লিশ) জন ম্যানেজারকে প্রতি মাসে ২০০০/-(দুই হাজার)টাকা ভাতা প্রদান করা হয়। | ফুলবাড়ী উপজেলা | ২০১৮-২০১৯ অর্থ বছর থেকে চলমান<br>২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তি ৫,০০,০০০ টাকা |
| | বীরমুক্তিযোদ্ধা প্রকল্প। | ফুলবাড়ী উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের গাভী পালন, ছাগল পালন এবং হাঁস মুরগী পালনসহ ক্ষুদ্র ব্যবসা পরিচালনার জন্য স্বল্প সেবা মূল্যে ঋণ সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করা হয়। | ফুলবাড়ী উপজেলা | ২০০৩-২০০৪ অর্থ বছর থেকে চলমান<br>২০২২-২০২৩ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি ৩,০০,০০০ টাকা |

| খাত | পরিকল্পনা/প্রকল্পের নাম | অভীষ্ট গোষ্ঠ ও ফলাফল সহ সংক্ষিপ্ত বিবরণী | এলাকা (উপজেলা/পৌরসভার নাম) | মেয়াদ / বাজেট |
|---|---|---|---|---|
| | | | | |
| | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাত করণ কর্মসূচী। (১ম সংশোধিত)। | ফুলবাড়ী উপজেলার প্রকৃত কৃষক নিয়ে সমিতি গঠন করে প্রশিক্ষণ প্রদান করা হয়।অপ্রধান শস্য যেমন ডাল জাতীয়,মসলা জাতীয় ও তেল জাতীয় ফসল উৎপাদন।উক্ত ফসল চাষে ৪%সেবা মূল্যে ঋণ সহায়তা প্রদান করা হয়। পর্যায়ক্রমে সমিতির কৃষকদের উন্নত জাত ও সর্বশেষ উদ্ভাবিত কৃষি সম্প্রসারণের লক্ষ্যে সংগঠিত কৃষক দলের সদস্যদের দ্বারা পর্যায়ক্রমে প্রদর্শনী, ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন,মাঠ দিবস ও প্রতিবেশী কৃষকদের মাঝে উন্নত বীজ বিতরণ করে কৃষি উৎপাদন বৃদ্ধিসহ মোট দেশজ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কৃষকদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করা হয়। | ফুলবাড়ী উপজেলা | ২০১৯-২০২০ অর্থ বছর থেকে চলমান ২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি ১৫,০০,০০০ টাকা |
| | পল্লী প্রগতি প্রকল্প। | ফুলবাড়ী উপজেলার ভদ্রঘাট ইউনিয়নের ক্ষুদ্র ব্যবসায়ী ও বিভিন উন্নয়নমূলক কর্মকান্ডে জড়িত মহিলা ও পুরুষ নিয়ে দল গঠনের মাধ্যমে ঋণ সহায়তা প্রদান করে বেকারত্ব দূর করে স্বাবলম্বী করে গড়ে তোলা । | ফুলবাড়ী উপজেলা | ২০০৮-২০০৯ অর্থ বছর থেকে চলমান ২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি ১,০০,০০০ টাকা |
| | সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী। | ফুলবাড়ী উপজেলার দরিদ্র ভূমিহীন ও বিত্তহীন পরিবারগুলোকে বিভিন্ন আইজিএ ভিত্তিক যেমন, সেলাই, বাঁশ ও বেতের কাজ ও কর্মকারসহ বিভিন্ন পেশা ভিত্তিক মহিলা ও পুরুষ দলকে স্বল্প সেবা মূল্য ঋণ সহায়তা এবং আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। | ফুলবাড়ী উপজেলা | ২০০৬-২০০৭ অর্থ বছর থেকে চলমান ২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি ১,০০,০০০ টাকা |
| | মহিলা উন্নয়ন অনুবিভাগ। | মহিলা পর্যায়ে গ্রামীণ মহিলাদের সংগঠিত করে মহিলা সমবায় সমিতি গঠন করা হয়। উক্ত গ্রামীণ মহিলাদের উন্নত হাঁস মুরগী পালন, গাভী পালন ও বসত বাড়ির আশেপাশে সবজি চাষের জন্য উন্নত প্রশিক্ষণ সহ ঋণ | ফুলবাড়ী উপজেলা | ১৯৮৬-১৯৮৭ অর্থ বছর থেকে চলমান ২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি |

| খাত | পরিকল্পনা/প্রকল্পের নাম | অভীষ্ট গোষ্ঠ ও ফলাফল সহ সংক্ষিপ্ত বিবরণী | এলাকা (উপজেলা/পৌরসভার নাম) | মেয়াদ / বাজেট |
|---|---|---|---|---|
| | | সহয়তা প্রদান করা হয়। এছাড়া গ্রামীণ মহিলাদের উন্নত স্যানিটেশন, গর্ভকালীন কি করনীয় সার্বিক বিষয়ে প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | | ৫,০০,০০০ টাকা |
| | কোভিড-১৯ প্রণোদনা ঋণ। | কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্থ বিভিন্ন পেশায় নিয়োজিত পুরুষ ও মহিলাদের স্বল্প সেবা মূল্যে ও সহজ শর্তে কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ (পল্লী উদ্যোক্তা ঋণ) সহায়তা প্রদান। | ফুলবাড়ী উপজেলা | ২০২০-২০২১ অর্থ বছর থেকে চলমান ২০২১-২০২২ অর্থ বছরে সম্ভাব্য বরাদ্দপ্রাপ্তি ১,৩০,০০,০০০ টাকা |
| কৃষি | রাজস্ব খাতের অর্থায়নে প্রদর্শনী বাস্তবায়ন। | অভীষ্ঠ গোষ্ঠী- কামারখন্দ উপজেলার সকল কৃষক। উন্নত জাত ও সর্বশেষ উদ্ভাবিত কৃষি প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে সংগঠিত কৃষক দলের সদস্যদের দ্বারা পর্যায়ক্রমে প্রদর্শনী ও ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন, মাঠ দিবস ও প্রতিবেশী অনগ্রসর কৃষকদের মাঝে বীজ বিনিময় যা মোট দেশজ উৎপাদন বৃদ্ধিসহ কৃষকদের আর্থ- সামাজিক অবস্থা উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে। | ফুলবাড়ী উপজেলা | ১০৬২১৮০/- ( সম্ভাব্য বরাদ্দ) প্রকল্পের মেয়াদ ২০১৫-১৬ হতে চলমান |
| | ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম/ প্রজেক্ট ফেজ -২ (এনএটিপি-২) | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিরাপদ ও উচ্চ মূল্য ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং উৎপাদিত পণ্যের বাজার সংযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ৩০ জন সদস্য বিশিষ্ট প্রতিটি ইউনিয়নে ১০ টি করে কৃষক দল সংঘটিত করা হয়েছে। যারা সমবায় অধিদপ্তর এর অধীন নিবন্ধিত হয়ে সঞ্চয়মূলক কার্যক্রম পরিচালনা করছে। এতে উৎপাদনশীলতা বৃদ্ধিসহ আর্থ- সামাজিক অবস্থার উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখছে। | ফুলবাড়ী উপজেলা | ৯০১৫০০/- ( সম্ভাব্য বরাদ্দ) প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৭ |
| | কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প। | কৃষি উৎপাদন টেকসই করার লক্ষ্যে কৃষকের কাছে কৃষি আবহাওয়া, বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস পৌঁছে দেয়ার জন্য কৃষক প্রশিক্ষণ প্রতিটি ইউনিয়নে অটোমেটিক রেইনগজ স্থাপন, আবহাওয়ার তথ্য | ফুলবাড়ী উপজেলা | ৩৭,০০০/- ( সম্ভাব্য বরাদ্দ) প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২৫ |

| খাত | পরিকল্পনা/প্রকল্পের নাম | অভীষ্ট গোষ্ঠ ও ফলাফল সহ সংক্ষিপ্ত বিবরণী | এলাকা (উপজেলা/পৌরসভার নাম) | মেয়াদ / বাজেট |
|---|---|---|---|---|
| | | সম্বলিত ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। এতে করে কৃষকরা স্থানীয় কলা কৌশলের মাধ্যমে দুর্যোগ মোকাবিলা করে ফসলহানি ও জীবন রক্ষায় কৃষকের সক্ষমতা বৃদ্ধিতে অগ্রণী ভূমিকা রাখবে। | | |
| | কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (৩য় পর্যায়)। | কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা জাতীয় ফসলের বীজ উৎপাদন ও প্রান্তিক কৃষক পর্যায়ে বীজ সরবরাহ করার লক্ষ্যে বীজ উদ্যোক্তা বা বীজ এস. এম. ই গড়ে তোলা, অভ্যন্তরীণ চাহিদার ঘাটতি পূরণ ও আমদানি নির্ভরতা কমিয়ে আনা। এস. এম. ই কৃষকদের বীজ উৎপাদন ও বীজ ব্যবসার লাইসেন্স প্রাপ্তিতে সহায়তা প্রদান, ক্ষুদ্র বীজ শিল্প স্থাপন এবং গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি ও দরিদ্র নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। | ফুলবাড়ী উপজেলা | ৪১৬২৭০/-<br>প্রকল্পের মেয়াদ<br>৩০ জুন, ২০২২ |
| | আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প। | কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট জাতীয় ফসলের বীজ উৎপাদন ও প্রান্তিক কৃষক পর্যায়ে বীজ সরবরাহ করার লক্ষ্যে বীজ উদ্যোক্তা বা বীজ এস. এম. ই গড়ে তোলা, অভ্যন্তরীণ চাহিদার ঘাটতি পূরণ ও আমদানি নির্ভরতা কমিয়ে আনা। এস. এম. ই কৃষকদের বীজ উৎপাদন ও বীজ ব্যবসার লাইসেন্স প্রাপ্তিতে সহায়তা প্রদান, ক্ষুদ্র বীজ শিল্প স্থাপন এবং গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি ও দরিদ্র নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। | ফুলবাড়ী উপজেলা | ৮৫৫৬৯৮/-<br>প্রকল্পের মেয়াদ<br>৩০ জুন, ২০২৩ |
